

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৬৪. বিনা প্রয়োজনে দাঁড়িয়ে পানি পান করা কিংবা খানা খাওয়া

আনাস (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَفِيْ رِوَايَةٍ : زَجَرَ عَنِ الشُّرْبِ قَائِمًا ، قَالَ قَتَادَةُ : فَقُلْنَا : فَالْأَكْلُ ؟ فَقَالَ : ذَاكَ أَشَرُّ أَوْ أَخْبَثُ

"রাসূল (সা.) দাঁড়িয়ে পানি পান করতে নিষেধ করেছেন। অন্য বর্ণনায় রয়েছে, ধমক দিয়েছেন। হযরত ক্বাতাদাহ্ (রাহিমাহুল্লাহ্) বলেন: তা হলে দাঁড়িয়ে খানা খাওয়া কেমন ? তিনি বললেন: তা হচ্ছে আরো নিকৃষ্ট এবং আরো নোংরা কাজ"।[1]

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সা.) একদা জনৈক ব্যক্তিকে দাঁড়িয়ে পানি পান করতে দেখে বললেন: তুমি পানিগুলো বমি করে ফেলে দাও। সে বললো: কেন ? তিনি বললেনঃ তুমি কি চাও তোমার সাথে কোন বিড়াল পানি পান করুক ?! সে বললো: না। তখন তিনি বললেন:

فَإِنَّهُ قَدْ شَرِبَ مَعَكَ مَنْ هُوَ شَرٌّ مِنْهُ ؛ الشَّيْطَانُ

"আরে তোমার সাথে তো ইতিপূর্বে বিড়াল থেকেও আরো এক নিকৃষ্ট প্রাণী পান পান করেছে। আর সে হচ্ছে শয়তান"।[2]

আবু হুরাইরাহ্ (রা.) থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لَوْ يَعْلَمُ الَّذِيْ يَشْرَبُ وَهُوَ قَائِمٌ مَا فِيْ بَطْنِهِ ؛ لاَسْتَقَاءَ

''দাঁড়িয়ে পানি পানকারী যদি জানতো সে তার পেটে কি ঢুকিয়েছে তা হলে সে বমি করে তা ফেলে দিতো''।[3]

ফুটনোট

- [1] (মুসলিম, হাদীস ২০২৪)
- [2] (আহমাদ্, হাদীস ৭৯৯০ বাযযার, হাদীস ২৮৯৬)
- [3] (আব্দুর রাযযাক, হাদীস ১৯৫৮৮, ১৯৫৮৯ আহমাদ্, হাদীস ৭৭৯৫, ৭৭৯৬)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন